ডিসেম্বর/ ২০১৯ মাসের সাঁথিয়া উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

বিষয় : উপজেলা আইসিটি কমিটির ডিসেম্বর /২০১৯ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী
তারিখ : ০৪/১২/২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০:০০ টা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সাঁথিয়া, পাবনা।
সভাপতি : জনাব এসএম জামাল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার সাঁথিয়া, পাবনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	তথ্য বাতায়ন সমূহ হাল-নাগাদ করণ।	উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা
২	ই-নথি বাস্তবায়ন	অত্র উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর সহ ০৭(সাত) টি দপ্তরে ই-নথি লাইভে রয়েছে। ১। উপজেলা পরিষদ কার্যালয়,সাঁথিয়া ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সাঁথিয়া ৩। উপজেলা ভূমি অফিস,সাথিয়া ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,সাঁথিয়া ৫। উপজেলা শিক্ষা অফিস,সাঁথিয়া ৬। উপজেলা সমাজসেবা অফিস,সাঁথিয়া ৭। উপজেলা মহিলা বিষয়ক অফিস,সাঁথিয়া	ম্যানুয়াল নথির পরিবর্তে ই-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে স্ব স্ব দপ্তর প্রধানকে ই-নথি বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে অনুরোধ করা হয়।	ই-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া,পাবনা(কারিগরি সহযোগিতা প্রদানের জন্য)
৩	ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিং করণ।	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ সঠিক নিয়মে নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন।	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ সঠিক নিয়মে নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সাঁথিয়া, পাবনা।
৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন	অত্র উপজেলার ০৯(নয়) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন।	শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। ল্যাবে বাধ্যতামূলক রেজিস্টার মেইনটেইন করতে হবে।(ল্যাব ব্যবহারকারী রেজিস্টার,স্টক রেজিস্টার,পরিদর্শন রেজিস্টার,ল্যাব ব্যবহারকারী হজিরা নথি ইত্যাদি)	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান।

৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম মনিটরিং	অত্র উপজেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে।	বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার,আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা ।
৬	তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকরণ	তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক দপ্তর/ প্রতিষ্ঠানে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোনো কর্মকর্তা বদলী হলে নতুন করে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ পূর্বক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।	তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেকদপ্তর/ প্রতিষ্ঠানের নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে যারা এখনও অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদের দ্রুত উক্ত প্রশিক্ষণ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা ।
৭	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ি বাধ্যতামূলক ইমেইল ব্যবহার	সকল দপ্তরকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ি বাধ্যতামূলক ইমেইল ব্যবহার করতে হবে।	সকল দপ্তরকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ি বাধ্যতামূলক ইমেইল ব্যবহার করতে হবে। অফিসিয়াল পত্রাদি প্রেরণে ও প্রাপ্তির জন্য গ্রুপ মেইল ও ওয়েব পোর্টাল ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আইসিটির বিকাশ ও উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪/১২/১৭

(এস এম জামাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া, পাবনা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
সাঁথিয়া, পাবনা।
www.doict.santhia.pabna.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৭৬৭২.০০১.০৬.০০২.১৯-৩৪

তারিখঃ ২০অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ / ০৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
৪। .... সাঁথিয়া, পাবনা।

৫। উপজেলা.. অফিসার, সাঁথিয়া, পাবনা।

৬। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক...................................... অফিসার, সাঁথিয়া, পাবনা।

৭। ইউপি সচিব / উদ্যোক্তা (সকল)।
৮। অফিস কপি।

০৪/১২/২০১৯

(তপু কুমার দেবনাথ)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া,পাবনা।